



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর  
ইনোভেশন টিম



জিএসবি ২০২২-২০২৩ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৫ম সভার কার্যবিবরণী।

সভাপতি	সালমা আক্তার পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি, ইনোভেশন টিম
সভার তারিখ	১৭ এপ্রিল, ২০২৩
সভার সময়	দুপুর ০৩:০০ ঘটিকা
স্থান	ভূতত্ত্ব ভবনের চতুর্থ তলার সম্মেলন কক্ষ
উপস্থিতি	সংযুক্ত

#### আলোচ্য সূচী:

- ১। দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত।
- ২। বিবিধ।

#### আলোচনা

সভার সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সদস্য সচিব জনাব মোঃ আহসান হাবিব, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার আলোচ্য বিষয় উপস্থাপন করেন।

০১। দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনের ব্যাপারে মোঃ কামাল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) ও সদস্য, সভায় জনাব মোঃ সোহেল রানা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) ও ফোকাল পয়েন্ট এর নিকট পরিদর্শনকৃত দপ্তরের সম্মতি পত্রের বিষয়ে জানতে চান। জনাব মোঃ সোহেল রানা, বলেন পায়রা বন্দর কর্তৃপক্ষের সম্মতি পত্র পাওয়া গেছে এবং নগর উন্নয়ন অধিদপ্তর, বরিশাল আঞ্চলিক অফিস এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে টেলিফোনিক আলাপে আগামীকাল সম্মতিপত্র প্রেরণ করবেন বলে নিশ্চিত করেন। সভাপতি ফোকাল পয়েন্টকে দপ্তরসমূহের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার নির্দেশনা প্রদান করেন।

সভাপতি জনাব মোঃ সোহেল রানা এর কাছে পরিদর্শন কাজ বাস্তবায়নে পারদর্শী ও অভিজ্ঞ প্রতিষ্ঠানের শিডিউল সম্পর্কে জানতে চান। জবাবে জনাব মোঃ সোহেল রানা জানান যে, বিভিন্ন সংস্থার সাথে যোগাযোগের প্রেক্ষিতে টরন্টো ট্রেনিং ইন্টারন্যাশনাল (টিটিআই), সিয়াম হেলথ কেয়ার কোম্পানি লিমিটেড এবং ম্যানেজমেন্ট এন্ড ট্রেনিং ইন্টারন্যাশনাল (এমটিআই) তাদের শিডিউল পেশ করেছে। জনাব মোহাম্মদ জহির উদ্দিন উপ-পরিচালক (ভূপদার্থ) শিডিউল সভায় উপস্থাপন করেন। জনাব মোঃ রিয়াজুল ইসলাম, পরিচালক (রসায়ন) ম্যানেজমেন্ট এন্ড ট্রেনিং ইন্টারন্যাশনাল (এমটিআই) এর প্রস্তাবনাটাকেই গ্রহণযোগ্য বলে মতামত দেন। সভায় বিস্তারিত পর্যালোচনা শেষে জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) জানান যে ম্যানেজমেন্ট এন্ড ট্রেনিং ইন্টারন্যাশনাল (এমটিআই) এর প্রস্তাবনা সর্বনিম্ন দরদাতা ও জিএসবি এর সাথে কাজের পূর্ব অভিজ্ঞতার আলোকে গ্রহণযোগ্য মনে হয়। সভায় উপস্থিত সকলেই তার সাথে একমত পোষণ করেন এবং এ ব্যাপারে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনের জন্য সুপারিশের ব্যাপারে সিদ্ধান্ত নেন।


#### সিদ্ধান্ত:

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র. নং.	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত
----------	--------------	-----------

১।	দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত।	ফোকাল পয়েন্ট জনাব মোঃ সোহেল রানা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) পরিদর্শনকৃত দপ্তরসমূহের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখবেন। ম্যানেজমেন্ট এন্ড ট্রেনিং ইন্টারন্যাশনাল (এমটিআই) এর প্রস্তাবনা মহাপরিচালক মহোদয়ের অনুমোদনের জন্য সুপারিশ করার ব্যাপারে সিদ্ধান্ত হয়।
----	---	---

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।



সালমা আক্তার

পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি, ইনোভেশন টিম

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৬৩.১৯.৮

তারিখ: ৫ বৈশাখ ১৪৩০

১৮ এপ্রিল ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (ভূতত্ত্ব) , পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দুর্যোগ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ২) পরিচালক (ভূতত্ত্ব), পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৩) পরিচালক (রসায়ন) , বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৪) উপ-পরিচালক (ভূতত্ত্ব) -৩, অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৫) উপ-পরিচালক (ভূপদার্থ)-২ , অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৬) উপ-পরিচালক (ড্রিলিং)-৩, ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৭) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৪, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৮) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-২ , পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দুর্যোগ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৯) অফিস সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর



মো: আহসান হাবিব

সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ও সদস্য সচিব,

ইনোভেশন টিম